



করোনা সহিষ্ণু গ্রাম ও একজন খোয়াজ উদ্দিন



করোনা সচেতনতায় গ্রামে গ্রামে লিফলেট বিতরণ করছেন খোয়াজ উদ্দিন

আমি তো এসেছি, আপনারাও আসুন। আমাদের সম্মিলিত প্রচেষ্টায় করোনা সহিষ্ণু গ্রাম গঠনে প্রচেষ্টা অব্যাহত রাখি। আমাদের প্রত্যেকের একেকটি প্রচেষ্টা গ্রামকে সুসংগঠিত করবে। আমি-আপনি দায়িত্ব নিলে গ্রামে করোনার ভয় থাকবে না। মানুষ যেখানে সমস্যা সেখানে। আমরা সৃষ্টির সেরা জীব হিসেবে সমস্যা সমাধান করে চলাটা নৈতিক দায়িত্ব। কথাগুলো অনবরত বলে চলেছেন একজন দায়িত্ব পরায়ণ মানুষ। নাম তার খোয়াজ উদ্দিন। রাজশাহীর চারঘাট উপজেলাধীন সরদহ ইউনিয়নের ঝিকরা গ্রামের বাসিন্দা। পেশায় একজন ডাক হরকরা। প্রতিনিয়ত মানুষের সহায়তা করতে গিয়ে নিজের গ্রামের মানুষকে আপন করে নিয়েছেন। সবার সমস্যাকে নিজের সমস্যা মনে করেন। খোয়াজ উদ্দিন ঝিকরা গ্রাম উন্নয়ন দলের সহ-সভাপতি।



জনসাধারণকে বিনামূল্যে বিতরণের উদ্দেশ্যে উৎপাদিত সবজি ক্ষেত পরিচর্চা করছেন খোয়াজ উদ্দিন

সরদহ ইউনিয়নের জনবহুল গ্রাম ঝিকরা। এখানে প্রায় ৫০০০ মানুষের বসবাস। জনসংখ্যার বেশিরভাগই কৃষির উপর নির্ভরশীল। শিক্ষা, সচেতনতায় ক্রমাগত অগ্রসর গ্রাম ঝিকরা। করোনার সামাজিক সংক্রমন শুরু হলে ঝিকরা গ্রাম উন্নয়ন দলের নেতৃত্বে মানুষকে সংগঠিত করা, পরিকল্পনা করা, মানুষকে সাথে নিয়ে সচেতনতার বার্তা পৌঁছে দেয়া, স্বাস্থ্যবিধি মেনে চলাসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়েছে। গ্রাম উন্নয়ন দলের নেতৃত্বে আশরাফ আলী, সুলেখা বেগম, বিপুল, রাসেল পারভেজ, সুরাইয়া বেগম, ঝিকরা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল হক এবং সহকারি প্রধান শিক্ষক আব্দুল বারির যৌথ উদ্যোগে গ্রামের প্রত্যেক বাড়িতে স্বাস্থ্যবিধি মেনে চলা, ১৫০টি লিফলেট বিতরণ, ১১৭টি সাবান বিতরণ, ১৬০টি কাপড়ের তৈরি মাস্ক বিতরণ, শারীরিক দুরত্ব মেনে চলা, নারী, শিশু, প্রতিবন্ধী এবং বয়স্কদের সরক্ষাসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়েছে।



সরদহ ইউনিয়ন পরিষদে হাত ধোয়ার বেসিন এবং হ্যান্ড স্যানিটাইজার নিশ্চিত করেছেন খোয়াজ উদ্দিন

মানুষকে সংগঠিত করতে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন খোয়াজ উদ্দিন। ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে ঝিকরা উচ্চ বিদ্যালয়কে আইসোলেশন এবং প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন হিসেবে ঘোষণা করে এবং ৮জন কোয়ারেন্টিন ও ২জনকে আইসোলেশনে রাখা হয়। এখানে যারা অবস্থান করছেন তাদের দেকভাল করছেন ইউনিয়ন পরিষদ। মানুষের স্বাভাবিক জীবনধারন নিশ্চিত করতে ১২০টি পরিবারকে খাদ্য সহায়তা এবং ৪২টি পরিবারকে ইউনিয়ন পরিষদ ও ড. আলাউদ্দিন পরিবারের পক্ষ থেকে ত্রাণ পাইয়ে দিয়েছেন। গুজব, অপপ্রচার রোধে মসজিদে খুৎবায় সচেতনতার বার্তা পৌঁছে দিয়েছেন। মানুষের মনে আতংক ছিল তা এখন নেই। পরিকল্পিত ব্যবস্থায় ক্রমাগত এগিয়ে চলেছে ঝিকরা গ্রাম। গ্রামের মানুষ সংক্রমিত না হলেও বাইরে থেকে আসা মানুষ আক্রান্ত হয়েছে। সুন্দর ব্যবস্থাপনায় সবাই সুস্থও হয়েছেন।

